



প্রতিদিনের সংবাদ

www.protidinersangbad.com

প্রতিদিনের সংবাদ, ২০২২-০২-১৮, পৃষ্ঠাঃ ০৩



জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন উপলক্ষে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরিতে 'অতিমারিতে ডিজিটাল লাইব্রেরি কার্যক্রম'-এর ওপরে একটি অনলাইন আলোচনা সভা হয়েছে। গত মঙ্গলবার সন্ধ্যায় অনুষ্ঠিত এই আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক এবং চেয়ারপারসন; তথ্য, শিক্ষা ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ ড. দিলারা বেগম। তিনি কোভিড-১৯ চলাকালীন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরি যে পরিষেবাগুলো প্রদান করে থাকে তার ওপর একটি বক্তব্য উপস্থাপন করেন। অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. জয় সামাদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ জিয়াউল হক মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপগ্রন্থাগারিক মতিউর রহমান প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।